



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



www.dshe.gov.bd

স্মারক নং-৭জি-২৩৪(ক-৩)/২০০৭/৩৪৭৫

তারিখ : ১৫/১২/২০২০খ্রি.

বিষয় : ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন শহীদ রাজা ডিগ্রি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ এর বিরুদ্ধে অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ১. দুদক এর স্মারক নং-০০.০১.০০০০.৫০৩.২৬.২৩৬.১৯-২৪৯৫৭; তারিখ: ২৫/০৬/২০১৯ খ্রি.
২. মাউশি/বরি/২০২০/১৬৯, তারিখ: ২৩/০৮/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন শহীদ রাজা ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মো: আবুল বসার হাওলাদারের অবৈধ নিয়োগ, নিয়োগ বাণিজ্য, দুর্নীতি ও অবৈধ কার্যকলাপের বিষয়ে দুর্নীতি দমন কমিশন কর্তৃক অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। বর্ণিত বিষয়ে প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়,

১। শহীদ রাজা ডিগ্রি মহাবিদ্যালয়ের বরখাস্তকৃত অধ্যক্ষের নিয়োগ জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান বিধি অনুযায়ী সঠিক হয় নি এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত একটি পত্র টেম্পারিং এর অভিযোগ প্রমাণিত। তবে শিক্ষা মন্ত্রণালয়ের জনবল কাঠামো-২০১০ এর শর্ত অনুযায়ী তার শিক্ষাগত যোগ্যতা (সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে একটি তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণ যোগ্য) থাকলেও তিনি টেম্পারিং তথা জালিয়াতির আশ্রয় নিয়েছেন যা শিক্ষক সুলভ নয়।

২। যেহেতু নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ অবৈধ প্রমাণিত সেহেতু কৃষি শিক্ষা বিষয়ের প্রভাষক পলাশ চন্দ্র শীল এবং গ্রন্থাগারিক মো: আসাদুল ইসলাম এমপিও ইনডেক্স যথাক্রমে ৩০৯৮৫৬৭ এবং ৩০৯৮৫৬৮ কর্তন করা আবশ্যিক।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলের জবাব ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

13.12.2020
(মো.আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

শহীদ রাজা ডিগ্রি কলেজ

কাঠালিয়া, ঝালকাঠি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।

২। সভাপতি, পরিচালনা পরিষদ, শহীদ রাজা ডিগ্রি মহাবিদ্যালয়, কাঠালিয়া, ঝালকাঠি।

৩। জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠি।

৪। জনাব পলাশ চন্দ্র, প্রভাষক (কৃষিশিক্ষা)/জনাব মো: আসাদুল ইসলাম, গ্রন্থাগারিক, শহীদ রাজা ডিগ্রি মহাবিদ্যালয়, কাঠালিয়া, ঝালকাঠি।

৫। সংরক্ষণ নথি।